

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জনপ্রশাসন মন্ত্রণালয়
সিপিটি অনুবিভাগ
অভ্যন্তরীণ প্রশিক্ষণ-৩ শাখা
www.mopa.gov.bd

নম্বর ০৫.০০.০০০০.২০৩.২৫.০১০.২১.২৯২

তারিখ: ৬ কার্তিক ১৪৩১

২২ অক্টোবর ২০২৪

বিজ্ঞপ্তি

বিষয়: ‘Strategic Management’ প্রশিক্ষণ কোর্সের ১ম ব্যাচে (সামগ্রিকভাবে ৬ষ্ঠ ব্যাচ) কর্মকর্তা মনোনয়নের বিজ্ঞপ্তি।


উপর্যুক্ত বিষয়ের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, Bangladesh Institute of Governance and Management (BIGM) কর্তৃক আয়োজিত ‘Strategic Management’ প্রশিক্ষণ কোর্সের ১ম ব্যাচে (সামগ্রিকভাবে ৬ষ্ঠ ব্যাচ) আগামী ০৭ ডিসেম্বর ২০২৪ তারিখ হতে শুরু হবে।

০২। কোর্সটি অর্থ মন্ত্রণালয়, অর্থ বিভাগের Skills for Industry Competitiveness and Innovation Program (SICIP) প্রকল্পের আওতায় আয়োজন করা হয়েছে। কোর্সসংক্রান্ত বিস্তারিত তথ্য নিম্নরূপ:

(ক)	উক্ত প্রশিক্ষণ কোর্সে সিনিয়র সহকারী সচিব, উপসচিব ও যুগ্মসচিব পর্যায়ের বিসিএস ক্যাডারভুক্ত ও সমমর্যাদার কর্মকর্তাগণ আবেদন করতে পারবেন যাদের বয়স ৩০ হতে অনূর্ধ্ব ৫২ বছর।
(খ)	প্রশিক্ষণের মেয়াদ ০৩ (তিন) সপ্তাহ। মনোনীত কর্মকর্তাগণ প্রশিক্ষণকালীন BIGM-এ সংযুক্ত থাকবেন। মোট ২৪ জন কর্মকর্তাকে মনোনয়ন প্রদান করা হবে।
(গ)	কোর্সের ক্লাস সপ্তাহে ০৫ দিন শনি-বুধবার সকাল ০৯.০০ টা হতে বিকাল ০৫.০০ টা পর্যন্ত নির্ধারিত পাঠ পরিকল্পনা অনুযায়ী চলবে।
(ঘ)	‘Policy Analysis’ কোর্সে অংশগ্রহণকারীর সর্বোচ্চ ৫০ শতাংশ প্রশিক্ষণার্থী এ কোর্সে অংশগ্রহণের সুযোগ পাবেন।
(ঙ)	দৈনিক যাতায়াত ভাতা প্রদান করা হবে এবং সকাল-বিকাল চা-চক্রসহ দুপুরে খাবার প্রদান করা হবে।

০৩। আগ্রহী কর্মকর্তাগণ আগামী ২১ নভেম্বর ২০২৪ তারিখের মধ্যে যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সিনিয়র সচিব, জনপ্রশাসন মন্ত্রণালয় {দৃ.আ. অতিরিক্ত সচিব (সিপিটি), জনপ্রশাসন মন্ত্রণালয়} বাংলাদেশ সচিবালয়, ঢাকা বরাবর নির্ধারিত ফরমে আবেদন করতে পারবেন।

সংযুক্তি: আবেদন ফরম।



২২-১০-২০২৪

মো: আব্দুর রশিদ

সহকারী সচিব

ফোন: ২২৩৩৫৭১১৩
ইমেইল: it3@mopa.gov.bd

সদয় কার্যার্থে প্রেরণ করা হলো:

১) সিনিয়র সিস্টেম এনালিস্ট, সিনিয়র সিস্টেম এনালিস্টের দপ্তর, জনপ্রশাসন মন্ত্রণালয় (বর্ণিত বিজ্ঞপ্তি ও সংযুক্ত আবেদন ফরম এ মন্ত্রণালয়ের ওয়েবসাইটে প্রকাশের অনুরোধ করা হলো)।